তোমরা কি শুনতে পাও না? তোমরা কি শুনতে পাও না? নিশ্চয় পোশাক-পরিচ্ছদে নম্রতা প্রকাশ ঈমানের অঙ্গ। নিশ্চয় পোশাক-পরিচ্ছদে নম্রতা প্রকাশ ঈমানের অঙ্গ।

আবূ উমামা ইয়াস ইবন সা’লাবা আল-আনসারী আল-হারেসী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত,
তিনি বলেন, একদিন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণ তাঁর সামনে দুনিয়াদারী সম্পর্কে আলোচনা করছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তোমরা কি শুনতে পাও না? তোমরা কি শুনতে পাও না? নিশ্চয় পোশাক-পরিচ্ছদে নম্রতা প্রকাশ ঈমানের অঙ্গ। নিশ্চয় পোশাক-পরিচ্ছদে নম্রতা প্রকাশ ঈমানের অঙ্গ।”
[হাসান লিগাইরিহী] [এটি ইবন মাজাহ বর্ণনা করেছেন। - এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণ একদিন দুনিয়া সম্পর্কে আলোচনা করলেন। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, “তোমরা কি শুনতে পাও না “ অর্থাৎ তোমরা আমার কথা শ্রবণ করো। তিনি এ শব্দ পুনরায় বলার কারণ হলো তাঁর বক্তব্যকে জোরালো করা। নিশ্চয় পোশাক-পরিচ্ছদ ও সাজ-সজ্জায় নম্রতা প্রকাশ মুমিনদের চরিত্র। আর ঈমানই পোশাক-পরিচ্ছদে নম্রতা গ্রহণ করতে উদ্বুদ্ধকারী।

http://sunnah.global/hadeeth/bn/show/5793